গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

‘মেইড ইন বাংলাদেশ আইসিটি ইন্ড্রাষ্টি স্ট্রাটেজি ২০২২’

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ

ডাক টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়

উপদেষ্টা মন্ডলী

- প্রধান উপদেষ্টাঃ জনাব জুনাইদ আহ্মেদ পলক এমপি মাননীয় প্রতিমন্ত্রী তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ।
- উপদেষ্টাঃ জনাব এন এম জিয়াউল আলম পিএএ সিনিয়র সচিব তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ

কৃতজ্ঞতা স্বীকার

১. অতিরিক্ত সচিব (আইন ও পলিসি অনুবিভাগ) তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ।

২. জনাব মোঃ রাশেদুল ইসলাম অতিরিক্ত সচিব (অবসরপ্রাপ্ত) তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ।

৩. জনাব রীনা পারভিন অতিরিক্ত সচিব (অবসরপ্রাপ্ত) তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ।

৪. জনাব মোঃ মাহবুব জামান ব্যবস্থাপনা পরিচালক ডাটা সফট লি।

৫. জনাব আনীর চৌধুরী পলিসি এ্যাডভাইজার এটুআই প্রকল্প।

৬. জনাব অজিত কুমার সরকার কমিউনিকেশন স্পেশালিষ্ট এলআইসিটি প্রকল্প।

৭.জনাব মোঃ মাহফুজুল কবির উপ পরিচালক বাংলাদেশ হাই টেক পার্ক কর্তৃপক্ষ।

৮ . জনাব শোয়েব আহমেদ মাসুদ সহসভাপতি বেসিস।

৯. জনাব রাশেদ মুজিব নোমান পরিচালক বাক্কো।

১১. জনাব মোঃ আব্দুল হক অনু ফাইন্যান্স সেক্রেট্রারী ইক্যাব।

১২. জনাব মোঃ আমিনুল হক ফাইন্যান্স সেক্রেট্রারী বাক্কো।

১৩. জনাব হাসান মোঃ রতন ডাটা সফট ম্যানুফ্যাকচারিং।

১৪. জনাব লিয়াকত আলী ভূঁইয়া নির্বাহী পরিচালক ওয়ালটন।

১৫. জনাব আলাওল কবির উদ্ভাবন ও উদ্যোক্তা উন্নয়ন একাডেমী প্রতিষ্ঠাকরণ প্রকল্প।

পরিকল্পনা ও প্রণয়নে

১. জনাব সামী আহমেদ পলিসি এ্যাডভাইজার এলআইসিটি প্রকল্প।

২. জনাব শাহ্ মোঃ ইমরান ইন্ডাষ্টি প্রমোশন এক্সপার্ট এলআইসিটি প্রকল্প।

সার্বিক তত্ত্বাবধানে

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ

সূচিপত্র

অধ্যায়	বিষয়	পৃষ্ঠা
অধ্যায় ০১	মুখবন্ধ	০৪
অধ্যায় ০২	রূপকল্প উদ্দেশ্য কৌশলগত বিষয়বস্তু সময়কাল	০৮
অধ্যায় ০২	কৌশলগত বিষয়বস্তু ১: সরকারি বেসরকারি খাতে স্থানীয় পর্যায়ে সক্ষমতা উন্নয়ন	০৯
	কৌশলগত বিষয়বস্তু ২: সচেতনতা সৃষ্টি ও ব্রান্ডিং	১৪
	কৌশলগত বিষয়বস্তু ৩ : গবেষণা ও উদ্ভাবন	১৮
	কৌশলগত বিষয়বস্তু ৪ : নীতিসহায়তা	২১
অধ্যায় ০২	উপসংহার	২৫

শব্দ সংক্ষেপ

আইসিটি পণ্য	সকল ধরণের তথ্য প্রযুক্তি পণ্য ও সেবা এবং সকল ধরণের টেলিযোগাযোগ পণ্য ও সেবা
আইএমএফ	ইন্টারন্যাশনাল মনিটারি ফান্ড
আইএসপিএবি	ইন্টারনেট সার্ভিস প্রোভাইডারস অ্যাসোসিয়েশন বাংলাদেশ
আইডিসি	ইন্টারন্যাশনাল ডেটা কর্পোরেশন
এসডিজি	টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা
এসইজেড	বিশেষ অর্থনৈতিক অঞ্চল
এনবিআর	জাতীয় রাজস্ব বোর্ড
এনএসডিএ	জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ
বিএসটিআই	বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইন্সটিটিউশন
বিটিআরসি	বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন
বিটাক	বাংলাদেশ শিল্প কারিগরি সহায়তা কেন্দ্র
বিডা	বাংলাদেশ বিনিয়ো উন্নয়ন কর্তৃপক্ষ
বেজা	বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ
বেপজা	বাংলাদেশ রপ্তানী প্রক্রিয়াকরণ কর্তৃপক্ষ
আইসিটি ইন্ডাষ্টি	আইসিটি খাতে ব্যবসায়ের জন্য নিবন্ধিত সমগ্র ব্যবসা প্রতিষ্ঠান
বেসিস	বাংলাদেশ অ্যাসোসিয়েশন অব সফটওয়্যার অ্যান্ড ইনফরমেশন সার্ভিসেস
বাক্কো	বাংলাদেশ অ্যাসোসিয়েশন অফ কল সেন্টার অ্যান্ড আউটসোর্সিং
বিসিএস	বাংলাদেশ কম্পিউটার সমিতি
ডিডিএমইএ	ডিজিটাল ডিভাইস ম্যানুফ্যাকচারারস এন্ড এক্সপোর্টার্স এসোসিয়েশন

মুখবন্ধ

মেইড ইন বাংলাদেশ এর বাংলা আক্ষরিক অর্থ 'বাংলাদেশে প্রস্তুত'। কিন্তু এই ছোট্ট বাক্যটির মধ্যে নিহিত রয়েছে বাংলাদেশকে উৎপাদকের দেশ হিসেবে প্রতিষ্ঠিত করার বার্তা। দেশীয় পণ্য উৎপাদনে দেশকে স্বয়ংসম্পূর্ণ করা এবং দেশের অর্থনীতিকে এগিয়ে নেওয়ার প্রতিশ্রুতি। বাংলাদেশকে দেশীয় পণ্য উৎপাদনে স্বয়ংসম্পূর্ণ হওয়ার পথ দেখিয়েছেন জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান। ১৯৭২ সালে স্বাধীন বাংলাদেশের রাষ্ট্রভার গ্রহণ করে যুদ্ধবিধ্বস্ত দেশ পুনর্গঠনের পাশাপাশি দেশেই পণ্য উৎপাদনের নানা উদ্যোগ গ্রহণ করেন। এর অন্তর্নিহিত মূল লক্ষ্য ছিল দেশীয় পণ্য উৎপাদনে দেশকে স্বয়ংসম্পূর্ণ করা ব্যাপক কর্মসংস্থান সৃষ্টি অভ্যন্তরীন চাহিদা মেটানো ও বিদেশে রপ্তানীর মাধ্যমে অর্থনীতিকে শক্তিশালী করা। সবচেয়ে লক্ষণীয় বিষয় যে একজন দূরদর্শী রাষ্ট্রনায়ক হিসেবে বঙ্গবন্ধু প্রযুক্তি খাতেও দেশীয় পণ্য উৎপাদনের নির্দেশ দেন। ১৯৭৫ সালের ৩ জুলাই তিনি রেডিও টেলিভিশনের মতো প্রযুক্তি পণ্য দেশেই উৎপাদনের নির্দেশনা দেন। বঙ্গবন্ধুর এই নির্দেশনা আসলে পণ্য উৎপাদনে দেশকে স্বয়ংসম্পূর্ণ করার পাশাপাশি তা বিদেশে রপ্তানী করে অর্থনীতিকে শক্তিশালী করার নির্দেশনা । বঙ্গবন্ধুর দেখানো পথেই মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা দেশকে অর্থনৈতিকভাবে স্বাবলম্বী করার লক্ষ্যে দূরদর্শী চিন্তা থেকে নানা উদ্যোগ বাস্তবায়ন করছেন। রূপকল্প ২০২১ ও রূপকল্প ২০৪১ এবং টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রার (এসডিজি) ২০৩০ এর লক্ষ্য অর্জনের অভিযাত্রায় ইতোমধ্যে বাস্তবায়িত উদ্যোগের কারণে বাংলাদেশ আজ বিশ্বে দ্রুত বর্ধনশীল অর্থনীতির দেশ। ২০২০ সালে করোনা মহামারীর আঘাতের পরও দেশের জিডিপি প্রবৃদ্ধির হার ৫.৪৭ শতাংশ অর্জিত হয়। ২০২১ সালে মাথাপিছু আয় দাঁড়ায় ২৫৫৪ মার্কিন ডলার। অর্থনৈতিক অগ্রগতির সূচকে বিশ্বের ৫টি দেশের একটি বাংলাদেশ। ইন্টারন্যাশনাল মনিটারি ফান্ড (আইএমএফ) অনুযায়ী পিপিপি'র ভিত্তিতে বাংলাদেশের অর্থনীতির অবস্থান ৩০তম। প্রাইস ওয়াটার কুপারস এর প্রক্ষেপণ অনুযায়ী বিশ্ব অর্থনীতিতে ২০৪০ সালে বাংলাদেশের অবস্থান হবে বিশ্বে ২৩তম এবং এইচএসবিসি'র প্রক্ষেপণ অনুযায়ী ২০৩০ সালে ২৬তম। বাংলাদেশের এই এগিয়ে যাওয়ার মূলে রয়েছে রূপকল্প ও এসডিজি'র লক্ষ্য বাস্তবায়নে সুপরিকল্পনা বিনিয়োগ ও দেশীয় শিল্পের প্রসার বান্ধব নীতিমালা ও কৌশল প্রণয়ন। এসব নীতিমালা ও কৌশলের কারণে নতুন নতুন শিল্প গড়ে উঠে। বিপুল সংখ্যক মানুষের কর্মসংস্থান সৃষ্টি হয়। দেশীয় পণ্য উৎপাদন ও রপ্তানী বৃদ্ধি পায় যা দেশের অর্থনীতিকে সুসংহত ও শক্তিশালী করছে। বিশ্বব্যাংকের ২০১৭ সালের প্রক্ষেপণ অনুযায়ী দেশের সেবা খাতের প্রবৃদ্ধি ৫৬.৫% অপরদিকে উৎপাদন খাতের প্রবৃদ্ধি ২৯.৩%। আগামীতে উৎপাদন খাতে নতুন মাত্রা যোগ করবে বিশেষ অর্থনৈতিক অঞ্চলগুলো। ২০২৫ সালের মধ্যে দেশে ১০০টি বিশেষ অর্থনৈতিক অঞ্চল (এসইজেড) প্রতিষ্ঠার অংশ হিসেবে ইতোমধ্যে ২৮টির নির্মাণ কাজে উল্লেখযোগ্য অগ্রগতি সাধিত হয়েছে। সরকারের লক্ষ্য ২০৩০ সাল নাগাদ দেশজ উৎপাদন (জিডিপি)

৭০০ বিলিয়ন মার্কিন ডলারে উন্নীত করা। আর এই লক্ষ্য বাস্তবায়নে অন্যতম নিয়ামক হতে যাচ্ছে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি।

রূপকল্প ২০২১ এর মূল উপজীব্য ডিজিটাল বাংলাদেশ বাস্তবায়নের পথ ধরে বিগত ১২ বছরে দেশে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি খাত বিকশিত হয়েছে। বিনিয়োগ ও ব্যবসাবান্ধব নীতিমালা প্রণয়নের ফলে দেশে হার্ডওয়্যার ও সফটওয়্যার শিল্পের প্রসার ঘটেছে যা দেশে ডিজিটাল অর্থনীতি গড়ে তোলার পথে বাংলাদেশের অভিযাত্রাকে মসৃন করছে এবং আইসিটি পণ্যের উৎপাদকের দেশে পরিণত করার সুযোগ করে দিয়েছে। আইসিটি রপ্তানী ২০১৮ সালেই ১ বিলিয়ন মার্কিন ডলার ছাড়িয়ে যায়। ২০২৫ সালের মধ্যে দেশের আইসিটি রপ্তানীর লক্ষ্য ৫ বিলিয়ন মার্কিন ডলার। দেশে ৩৯টি হাই টেক/আইটি পার্ক গড়ে তোলা হচ্ছে যার মধ্যে ইতোমধ্যে নির্মিত ৮ টিতে ব্যবসায়িক কার্যক্রম চালু হওয়ায় দেশীয় হার্ডওয়্যার ও সফটওয়্যার পণ্য উৎপাদন আরও বৃদ্ধি পাচ্ছে। যুক্তরাষ্ট্রভিত্তিক ইন্টারন্যাশনাল ডেটা কর্পোরেশন (আইডিসি) নামক একটি বৈশ্বিক সংস্থার সমীক্ষায় উঠে এসেছে প্রতিযোগিতামূলক দামে শ্রমিকের সহজলভ্যতা অভ্যন্তরীণ বাজারের চাহিদা এবং বিনিয়োগ ও ব্যবসাবান্ধব নীতির কারণে বাংলাদেশ হাই টেক উৎপাদনের আকর্ষণীয় ও সম্ভাবনাময় কেন্দ্রে পরিণত হয়।

২০১৮ সালের সেপ্টেম্বরে প্রকাশিত আইডিসির 'ড্রাইভিং অ্যা ডিজিটাল বাংলাদেশ থ্রু হাই টেক ম্যানুফ্যাকচারিং' শীর্ষক সমীক্ষা প্রতিবেদনের তথ্য অনুসারে দেশে গ্যাজেটস ও ল্যাপটপের বাজার প্রায় ১৫০ কোটি মার্কিন ডলার বা ১২ হাজার ৬০০ কোটি টাকা। প্রতিবেদনে বছরে ৩ কোটি ৪ লাখ মোবাইল হ্যান্ডসেট বিক্রির কথাও উল্লেখ করা হয়। তবে স্থানীয় উৎপাদনকারী এবং আমদানীকারকদের তথ্যমতে ২০২০ ২১ অর্থবছরে মোবাইল হ্যান্ডসেট উৎপাদন ও আমদানী হয় ৪ কোটি ১২ লাখ যার ৬৩ শতাংশই দেশে প্রস্তুত। বর্তমানে দেশে স্যামসং নোকিয়া ট্রানশন হোল্ডিংস ওয়ালটন আমরা কোম্পানীজ সিম্ফনিসহ ১৪টি প্রতিষ্ঠান মোবাইল হ্যান্ডসেট তৈরি করছে। উৎপাদনের এই ধারা অব্যাহত থাকলে ২০২২ সালে বাংলাদেশ থেকে উল্লেখযোগ্য পরিমাণ স্মার্টফোন বিদেশে রপ্তানী হবে। ইতোমধ্যে ওয়ালটনসহ কিছু প্রতিষ্ঠান ল্যাপটপ উৎপাদন করছে যা দেশের বাজারে বিক্রির পাশাপাশি বিদেশেও রপ্তানী হচ্ছে। হাইটেক শিল্প গড়তে সরকারি নানা সুবিধা দেওয়া হচ্ছে। প্রযুক্তি শিল্পের কাঁচামাল আমদানিতে কর কমানো ক্যাশ ইনসেনটিভ সুবিধা দিচ্ছে সরকার। ইতোমধ্যে ওয়ালটন দেশে ল্যাপটপ তৈরি করছে এবং তা বিভিন্ন দেশে বিক্রি করছে যা বাংলাদেশি কোম্পানীর জন্য বড় ধরনের অগ্রগতি। চীনের বড় প্রযুক্তি নির্মাতা প্রতিষ্ঠান হুয়াওয়ে বাংলাদেশে উন্নত অবকাঠামো ও নেটওয়ার্ক খাতে বিনিয়োগ করছে। দেশে বাংলাদেশ অ্যাসোসিয়েশন অব সফটওয়্যার অ্যান্ড ইনফরমেশন সার্ভিসেস (বেসিস) এর নিবন্ধিত আইটি প্রতিষ্ঠান রয়েছে পনেরশ। এসব প্রতিষ্ঠানের অধিকাংশই তাদের উৎপাদিত পণ্য দেশে বিক্রির পাশাপাশি বিশ্বের ৮৫টি দেশে রপ্তানী হচ্ছে। বাংলাদেশ বর্তমানে

জনসংখ্যাতাত্ত্বিক লভ্যাংশের সুবিধা ভোগ করছে। দেশের মোট জনসংখ্যার ৬৫ শতাংশ মানুষ যুব সম্প্রদায় যাদের বয়স ৩৫ বছরের নীচে। দেশে রয়েছে বিপুল শ্রমশক্তি যা স্থানীয় হাই টেক প্রযুক্তি উৎপাদন শিল্প এগিয়ে নিতে সহায়ক। ক্রমবর্ধমান মধ্যবিত্ত শ্রেণী এবং স্বচ্ছল পরিবারের সংখ্যা বাড়ায় অভ্যন্তরীণ পণ্যের চাহিদাও দ্রুত বাড়ছে। সেই সংগে ভাল পণ্যের বাজারও সম্প্রসারিত হচ্ছে। তারা এখন ল্যাপটপ এবং স্মার্টফোনের মত উচ্চপ্রযুক্তি ব্যবহারে আগ্রহী হয়ে উঠছে।

ডিজিটাল বাংলাদেশ বাস্তবায়নের ১২ বছরে দেশের তথ্য ও যোগাযোগ প্রযুক্তি পণ্য উৎপাদন বৃদ্ধি ও ডিজিটাল ইকোনমি গড়ে ওঠায় এ খাতের জন্য 'মেইড ইন বাংলাদেশ' স্ট্রাটেজি প্রনয়ন অপরিহার্য হয়ে ওঠে। তাই আগামীতে চতুর্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলা ও সম্ভাবনা কাজে লাগানো এসডিজি ২০৩০ অর্জন রূপকল্প ২০৪১ বাস্তবায়নের মাধ্যমে উন্নত দেশ বিনির্মাণের লক্ষ্য সামনে রেখে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ অভ্যন্তরীণ এবং আন্তর্জাতিকভাবে দেশীয় আইসিটি পণ্যের বাজার সম্প্রসারণ এবং বিপুল সংখ্যক মানুষের কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে 'মেইড ইন বাংলাদেশ আইসিটি ইন্ডাষ্টি স্ট্রাটেজি (২০২২)' প্রণয়নের উদ্যোগ গ্রহণ করেছে। এজন্য দেশের তথ্য ও যোগাযোগ প্রযুক্তি খাতসংশ্লিষ্ট নেতৃবৃন্দ বিশেষজ্ঞ ও শিক্ষকদের সাথে একাধিক বৈঠক করে তাদের সুপারিশ গ্রহণ করা হয়। এরই ধারাবাহিকতায় ইন্ডাষ্টি একাডেমিয়া ও বিশেষজ্ঞ মতামতকে প্রাধান্য দিয়ে 'মেইড ইন বাংলাদেশ আইসিটি ইন্ডাষ্টি স্ট্রাটেজি (২০২২)'র খসড়া প্রণয়ন করা হয়। বিদ্যমান এবং আগামীর বাস্তবতাকে বিবেচনায় রেখে বিশেষজ্ঞদের দ্বারা যাচাই বাছাই ও অধিকতর মতামত নিয়ে এ খসড়া চূড়ান্ত করে। নীতিমালা প্রণয়নের ক্ষেত্রে চতুর্থ শিল্প বিপ্লবের অভিঘাত মোকাবেলা টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (এসডিজি) ২০৩০ এবং রূপকল্প ২০৪১ এর লক্ষ্য পূরণে আইসিটি শিল্পের সম্প্রসারণ এবং কলেজ বিশ্ববিদ্যালয় থেকে স্নাতক ডিগ্রি অর্জনকারীদের জন্য কর্মসংস্থান সৃষ্টিকে বিশেষভাবে গুরুত্ব দেয়া হয়েছে।

মেইড ইন বাংলাদেশ আইসিটি ইন্ডাষ্টি স্ট্রাটেজি (২০২২) এমন একটি দলিল যাতে স্থানীয়ভাবে ডিজিটাল পণ্য উৎপাদনে উৎসাহিত করা ও গুণগতমানের আইসিটি পণ্য উৎপাদন ও প্রতিষ্ঠানসমূহের সক্ষমতা বৃদ্ধির পাশাপাশি আমদানি নির্ভরতা কমিয়ে বৈদেশিক মুদ্রা সাশ্রয় দেশ ও বিদেশে মেইড ইন বাংলাদেশ ব্র্যান্ড প্রতিষ্ঠা দেশে উৎপাদিত ডিজিটাল পণ্যের দেশে ব্যবহার নিশ্চিত করার ওপর গুরুত্বারোপ করা হয়েছে।

স্ট্রাটেজিতে বাস্তবতার নিরিখে কিছু মৌলিক ও কৌশলগত বিষয় চিহ্নিত করে কর্মপরিকল্পনার রূপরেখা প্রণয়ন করা হয়েছে। এতে রয়েছে চারটি কৌশলগত বিষয়। যেমন: সরকারি বেসরকারি খাতে স্থানীয় পর্যায়ে সক্ষমতা উন্নয়ন সচেতনতা সৃষ্টি এবং ব্র্যান্ডিং গবেষণা ও উদ্ভাবন প্রণোদনা ও নীতি সহায়তা। এ ছাড়াও রয়েছে ৬৭ টি কর্মপরিকল্পনা।

আইসিটি শিল্পের উন্নত প্রযুক্তি ব্যবহারের ফলে উৎপাদন বাড়ে উৎপাদন খরচ কমে। ফলে অনেক ক্ষেত্রেই পণ্যের দাম কমে। অর্থনৈতিক উন্নয়ন ও বিবর্তনের সঙ্গে সঙ্গে ব্যবহারের তালিকায় যোগ হয় নতুন নতুন পণ্য ও সেবা। 'মেইড ইন বাংলাদেশ আইসিটি ইন্ডাষ্টি স্ট্রাটেজি ২০২২' এসব পণ্য ও সেবা উৎপাদন আইসিটি শিল্পের বিকাশ ও নতুন নতুন কর্মসংস্থান সৃষ্টির জন্য নীতি সহায়তার দলিল।

রূপকল্পঃ

বাংলাদেশকে মানসম্পন্ন আইসিটি পণ্যের (ডিজিটাল পণ্য ও সেবা) উৎপাদন হাব হিসাবে প্রতিষ্ঠা করা।

অভিলক্ষঃ

দেশের আইসিটি পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠানসমূহের মানসম্মত আইসিটি পণ্য উৎপাদনের মাধ্যমে দেশকে আইসিটি পণ্য উৎপাদন হাব এ পরিণত করা।

উদ্দেশ্যঃ

- স্থানীয়ভাবে কর্মসংস্থান সৃষ্টি
- জাতীয় উৎপাদনশীলতা বৃদ্ধিতে স্থানীয়ভাবে আইসিটি পণ্যের উৎপাদনে উৎসাহ প্রদান
- স্থানীয়ভাবে উৎপাদিত আইসিটি পণ্যের গুণগত মান উন্নয়ন ও প্রতিষ্ঠানসমূহের সক্ষমতা বৃদ্ধি
- আইসিটি পণ্যের আমদানি নির্ভরতা কমিয়ে বৈদেশিক মুদ্রা সাশ্রয়
- দেশে ও বিদেশে মেইড ইন বাংলাদেশ ব্র্যান্ড প্রতিষ্ঠাকরণ
- দেশে উৎপাদিত আইসিটি পণ্যের দেশে ব্যবহার নিশ্চিত করা
- দেশে উৎপাদিত আইসিটি পণ্যের রপ্তানির পরিবেশ সৃষ্টি করা
- আইসিটি পণ্য উৎপাদন সেক্টরে দেশি এবং বিদেশি বিনিয়োগকারীদের বাংলাদেশে বিনিয়োগে উৎসাহ প্রদান
- বাংলাদেশে আইসিটি পণ্যের ব্যাকওয়ার্ড লিংকেজ শিল্প গড়ে তোলা
- প্রতিযোগিতামূলক বাজার মোকাবেলায় স্থানীয় তথ্যপ্রযুক্তি প্রতিষ্ঠানের "কস্ট অব ডুইং বিজনেস" হ্রাস করা

কৌশলগত বিষয়বস্তুঃ

- সরকারি বেসরকারি খাতে স্থানীয় পর্যায়ে সক্ষমতা উন্নয়ন
- সচেতনতা সৃষ্টি এবং ব্র্যান্ডিং
- গবেষণা ও উদ্ভাবন
- প্রণোদনা ও নীতি সহায়তা

সময়কালঃ

স্বল্পমেয়াদী ২০২২ ২০২৩

মধ্য মেয়াদী ২০২২ ২০২৮

দীর্ঘ মেয়াদী ২০২২ ২০৩১

কৌশলগত বিষয়বস্তু ১: সরকারি বেসরকারি খাতে স্থানীয় পর্যায়ে সক্ষমতা উন্নয়ন

স্বল্পমেয়াদী লক্ষ্য:

- দেশে উৎপাদিত আইসিটি পণ্যের আন্তর্জাতিক মান অর্জন বাজারজাতকরণের কৌশল এবং রপ্তানির ক্ষেত্র তৈরী
- দেশে উৎপাদিত আইসিটি পণ্যের মাণ পরীক্ষা এবং আন্তর্জাতিক সনদ প্রদানে সহায়তা করা
- আইসিটি পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠানসমূহের বিশ্ববাজারে প্রবেশের সক্ষমতা উন্নয়নে উদ্যোগ গ্রহণ করা
- আইসিটি খাতে ৫ লক্ষ দক্ষ জনবল তৈরি

কর্মপরিকল্পনাঃ

ক্রমিক নং	করণীয় বিষয়	প্রধান বাস্তবায়নকারী	সহযোগী বাস্তবায়নকারী
১	আন্তর্জাতিক মান অনুসরণ করে দেশীয় ও আন্তর্জাতিক বাজার বিশ্লেষণ চাহিদা নিরূপণ সক্ষমতা উন্নয়ন ও বাজারজাতকরণের কৌশলপত্র তৈরি	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ	রপ্তানি উন্নয়ন ব্যুরো ডাক ও টেলিযোগাযোগ বিভাগ তথ্য ও প্রযুক্তি খাত সংশ্লিষ্ট অ্যাসোসিয়েশনসমূহ বিডা এনএসডিএ
২	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ ও বিশ্ববিদ্যালয় সমূহের উদ্যোগে আইসিটি পণ্যের আন্তর্জাতিক মান নিশ্চিত করণে টেস্টিং ল্যাব প্রতিষ্ঠা	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ	ডাক ও টেলিযোগাযোগ বিভাগ দেশের বিশ্ববিদ্যালয় সমূহ বিএসটিআই বাণিজ্য মন্ত্রণালয়
৩	দ্বিপাক্ষিক ও আঞ্চলিক বাণিজ্য চুক্তির মাধ্যমে আইসিটি পণ্যের রপ্তানির সুযোগ বৃদ্ধি	বাণিজ্য মন্ত্রণালয়	পররাষ্ট্র মন্ত্রণালয় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ ডাক ও টেলিযোগাযোগ বিভাগ তথ্য ও

			প্রযুক্তি খাত সংশ্লিষ্ট অ্যাসোসিয়েশনসমূহ
৪	বাংলাদেশে উৎপাদিত আইসিটি পণ্যসমূহ সহজে এবং প্রতিযোগিতামূলক খরচে বিদেশে (সিঙ্গাপুর/দুবাই/ইংল্যান্ড অথবা অন্য কোন দেশে হাব স্থাপনসহ) রপ্তানির উদ্যোগ গ্রহণ	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ	পররাষ্ট্র মন্ত্রণালয় বাণিজ্য মন্ত্রণালয় রপ্তানি উন্নয়ন ব্যুরো ডাক ও টেলিযোগাযোগ বিভাগ
৫	আইসিটি পণ্যের উৎপাদন ও সেবা প্রদানকারী প্রতিষ্ঠানসমূহের প্রয়োজনীয় আন্তর্জাতিক সার্টিফিকেশনের ব্যবস্থা করা	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ	তথ্য ও প্রযুক্তি খাত সংশ্লিষ্ট অ্যাসোসিয়েশনসমূহ বিটিআরসি বিএসটিআই
৬	আইসিটি সেক্টরে ৫ লক্ষ দক্ষ জনবল সরবরাহের জন্য প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ	দেশের বিশ্ববিদ্যালয় সমূহ কারিগরি শিক্ষা অধিদপ্তর জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ যুব উন্নয়ন অধিদপ্তর তথ্য ও প্রযুক্তি খাত সংশ্লিষ্ট অ্যাসোসিয়েশনসমূহ শিল্প মন্ত্রণালয়(বিটাক)
৭	আইসিটি খাতে আন্তর্জাতিক মানসম্পন্ন প্রশিক্ষণ মডিউল ও কারিকুলাম তৈরি	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ	জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ তথ্য ও প্রযুক্তি খাত সংশ্লিষ্ট অ্যাসোসিয়েশনসমূহ বিশ্ববিদ্যালয় সমূহ
৮	আইসিটি পণ্য ও সেবা উৎপাদনের সাথে যুক্ত প্রতিষ্ঠানসমূহের জনবলের আন্তর্জাতিক বাণিজ্য পরিচালনার জন্য প্রশিক্ষণ এর ব্যবস্থা করা	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ	পররাষ্ট্র মন্ত্রণালয় বাণিজ্য মন্ত্রণালয় জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ রপ্তানি উন্নয়ন ব্যুরো তথ্য ও প্রযুক্তি খাত সংশ্লিষ্ট অ্যাসোসিয়েশনসমূহ
৯	তথ্য ও যোগাযোগ প্রযুক্তিতে দক্ষ প্রবাসী বাংলাদেশীদের সহায়তায় প্রযুক্তি হস্তান্তরের (জন্য	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ	পররাষ্ট্র মন্ত্রণালয় তথ্য ও প্রযুক্তি খাত সংশ্লিষ্ট অ্যাসোসিয়েশনসমূহ দেশের বিশ্ববিদ্যালয় সমূহের

	প্রয়োজনীয় ডাটাবেইজ তৈরী ও প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ		আল্যামনাইসমূহ এনএসডিএ

মধ্য মেয়াদী লক্ষ্য:

- আইসিটি পণ্য ও সেবা সেক্টরের ব্যাকওয়ার্ড সংযোগ শিল্প প্রতিষ্ঠার উদ্যোগ গ্রহণ
- কারিগরি ও উচ্চ শিক্ষা ব্যবস্থায় আন্তর্জাতিক মানের শিক্ষা প্রদান নিশ্চিত করা
- দেশব্যাপী নির্ভরযোগ্য আইসিটি অবকাঠামো উন্নয়ন ও রক্ষণাবেক্ষণ

কর্মপরিকল্পনাঃ

ক্রমিক নং	করণীয় বিষয়	প্রধান বাস্তবায়নকারী	সহযোগী বাস্তবায়নকারী
১	আইসিটি পণ্য ও সেবা তৈরীর জন্য দেশব্যাপী প্রয়োজনীয় অবকাঠামো তৈরী	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ (বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল বাংলাদেশ হাই টেক পার্ক কর্তৃপক্ষ তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর)	ডাক ও টেলিযোগাযোগ বিভাগ বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ (বেজা) বাংলাদেশ রপ্তানী প্রক্রিয়াকরণ কর্তৃপক্ষ (বেপজা) বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (বিডা) বিদ্যুৎ বিভাগ সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ স্থানীয় সরকার বিভাগ
২	আইসিটি পণ্যের রপ্তানি স্বল্প খরচে এবং দ্রুত সময়ের মধ্যে সম্পন্ন করার জন্য দেশের বন্দর ব্যবস্থাপনা ও অবকাঠামো উন্নয়ন এবং পণ্য হ্যান্ডলিং এ আধুনিক প্রযুক্তির ব্যবহার নিশ্চিতকরণ	বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় নৌপরিবহন মন্ত্রণালয়	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ জাতীয় রাজস্ব বোর্ড

৩	বিশ্ববিদ্যালয় পর্যায়ে আইসিটি পণ্য ও সেবা সেক্টরের উপযোগী শিক্ষা কার্যক্রম গ্রহণ	বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন	শিক্ষা মন্ত্রণালয় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ তথ্য ও প্রযুক্তি খাত সংশ্লিষ্ট অ্যাসোসিয়েশনসমূহ বিশ্ববিদ্যালয়সমূহ
৪	তথ্য প্রযুক্তি খাতে নেতৃত্ব প্রদানকারী উন্নত দেশসমূহের সাথে যৌথ উদ্যোগে বিশ্ববিদ্যালয় স্থাপন করা	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ	বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন পররাষ্ট্র মন্ত্রণালয় শিক্ষা মন্ত্রণালয়
৫	ইন্ডাষ্ট্রি ও একাডেমিয়ার সাথে যৌথ উদ্যোগে প্রশিক্ষণ আইসিটি ইন্ডাস্ট্রির জন্য বাণিজ্যিক গবেষণা ও ইন্টার্ণশিপ কার্যক্রম চালু	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ	দেশের বিশ্ববিদ্যালয় সমূহ ডাক ও টেলিযোগাযোগ বিভাগ এনএসডিএ তথ্য ও প্রযুক্তি খাত সংশ্লিষ্ট অ্যাসোসিয়েশনসমূহ
৬	আইসিটি সেক্টরে ১৫ লক্ষ দক্ষ জনবল সরবরাহের জন্য প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ	দেশের বিশ্ববিদ্যালয় সমূহ কারিগরি শিক্ষা অধিদপ্তর জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ যুব উন্নয়ন অধিদপ্তর তথ্য ও প্রযুক্তি খাত সংশ্লিষ্ট অ্যাসোসিয়েশনসমূহ শিল্প মন্ত্রণালয়(বিটাক)
৭	দেশে উৎপাদিত আইসিটি পণ্যের বিদেশে বিপণনে বিক্রয়কেন্দ্র ট্রেডিং হাউজ এক্সপোর্ট হাউজ ও ওয়্যারহাউজিং সুবিধা সৃষ্টিতে সহায়তা প্রদান	পররাষ্ট্র মন্ত্রণালয়	বাণিজ্য মন্ত্রণালয় বাংলাদেশ ব্যাংক তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ বেসামরিক

			বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়

দীর্ঘ মেয়াদী লক্ষ্য:

- আইসিটি পণ্য উৎপাদনে স্বয়ংসম্পূর্ণতা অর্জন

কর্মপরিকল্পনাঃ

ক্রমিক নং	করণীয় বিষয়	প্রধান বাস্তবায়নকারী	সহযোগী বাস্তবায়নকারী
১	আন্তর্জাতিক বাজারে টিকে থাকার জন্য আইসিটি পণ্য উৎপাদন ও সেবা প্রদানকারী প্রতিষ্ঠানসমূহের নতুন ও আধুনিক প্রযুক্তি আয়ত্তকরণ	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ	ডাক ও টেলিযোগাযোগ বিভাগ তথ্য ও প্রযুক্তি খাত সংশ্লিষ্ট অ্যাসোসিয়েশনসমূহ
২	আইসিটি সেক্টরে ২৫ লক্ষ দক্ষ জনবল সরবরাহের জন্য প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ	দেশের বিশ্ববিদ্যালয় সমূহ কারিগরি শিক্ষা অধিদপ্তর জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ যুব উন্নয়ন অধিদপ্তর তথ্য ও প্রযুক্তি খাত সংশ্লিষ্ট অ্যাসোসিয়েশনসমূহ শিল্প মন্ত্রণালয়(বিটাক)

কৌশলগত বিষয়বস্তু ২: সচেতনতা সৃষ্টি ও ব্র্যান্ডিং

স্বল্পমেয়াদী লক্ষ্য:

- আন্তর্জাতিক মানসম্পন্ন আইসিটি পণ্য উৎপাদন ও রপ্তানিকারক দেশ হিসাবে বাংলাদেশের ব্র্যান্ড তৈরিতে পদক্ষেপ গ্রহণ
- দেশের স্থানীয় ভোক্তাদের দেশে উৎপাদিত আইসিটি পণ্য সম্পর্কে সচেতনতা তৈরি করা
- দেশে উৎপাদিত মানসম্পন্ন আইসিটি পণ্যের ব্যাপারে সরকারি মন্ত্রণালয় / সংস্থাসমূহের ক্রয় পরিকল্পনাকারীদের সচেতনতা বৃদ্ধি

কর্মপরিকল্পনাঃ

ক্রমিক নং	করণীয় বিষয়	প্রধান বাস্তবায়নকারী	সহযোগী বাস্তবায়নকারী
১	মেইড ইন বাংলাদেশ এর ব্রান্ডিং এর জন্য রোডম্যাপ তৈরি এবং সে অনুযায়ী কর্ম পরিকল্পনা গ্রহণ	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ	বাণিজ্য মন্ত্রণালয় রপ্তানি উন্নয়ন ব্যুরো বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ (বেজা) বাংলাদেশ রপ্তানী প্রক্রিয়াকরণ কর্তৃপক্ষ (বেপজা) বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (বিডা) ডাক ও টেলিযোগাযোগ বিভাগ তথ্য ও প্রযুক্তি খাত সংশ্লিষ্ট অ্যাসোসিয়েশনসমূহ
২	বাংলাদেশ সম্পর্কে অন্যান্য দেশের মনোভাব বুঝা এবং নেতিবাচক মনোভাব হতে উত্তরণের জন্য কর্ম পরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়ন	পররাষ্ট্র মন্ত্রণালয়	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ বাণিজ্য মন্ত্রণালয় ডাক ও টেলিযোগাযোগ বিভাগ তথ্য ও প্রযুক্তি খাত সংশ্লিষ্ট অ্যাসোসিয়েশনসমূহ
৩	কান্ট্রি ব্রান্ডিং এর মূল প্রতিপাদ্য তৈরী এবং তা বাস্তবায়ন	রপ্তানি উন্নয়ন ব্যুরো	পররাষ্ট্র মন্ত্রণালয় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ

			ডাক ও টেলিযোগাযোগ বিভাগ তথ্য ও প্রযুক্তি খাত সংশ্লিষ্ট অ্যাসোসিয়েশনসমূহ শিল্প মন্ত্রণালয়
৪	দেশে উৎপাদিত আইসিটি পণ্য ব্যবহারে দেশব্যাপী সচেতনতামূলক কার্যক্রম গ্রহণ	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ	মন্ত্রিপরিষদ বিভাগ তথ্য ও প্রযুক্তি খাত সংশ্লিষ্ট অ্যাসোসিয়েশনসমূহ বাণিজ্য মন্ত্রণালয় তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় ডাক ও টেলিযোগাযোগ বিভাগ
৫	দেশে উৎপাদিত আইসিটি পণ্যের বিস্তারিত তথ্য নিয়ে জাতীয় পোর্টাল তৈরি	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ	ডাক ও টেলিযোগাযোগ বিভাগ তথ্য ও প্রযুক্তি খাত সংশ্লিষ্ট অ্যাসোসিয়েশনসমূহ
৬	সকল মন্ত্রণালয় অধিদপ্তর এবং অন্যান্য সরকারি সংস্থায় যারা প্রত্যক্ষ ও পরোক্ষভাবে ক্রয় সংক্রান্ত কাজে জড়িত তাদের এবং ক্রেতাদের দেশে উৎপাদিত আইসিটি পণ্য ক্রয়ে উদ্বুদ্ধ করতে সচেতনতামূলক সেমিনার এবং আলোচনা অনুষ্ঠান আয়োজন ও সংশ্লিষ্ট সবার অংশগ্রহণ নিশ্চিতকরণ	পরিকল্পনা মন্ত্রণালয়	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ তথ্য ও প্রযুক্তি খাত সংশ্লিষ্ট অ্যাসোসিয়েশনসমূহ
৭	বিশ্বের বড় বড় আইসিটি মেলা কনফারেন্স এবং ব্যবসা বাণিজ্যের লিংকেজ প্রোগ্রামে উচ্চ পর্যায়ের নীতি নির্ধারণী ব্যক্তি প্রতিষ্ঠান শিল্প এবং শিল্পের ট্রেড বডিসমূহের অংশগ্রহণ	বাণিজ্য মন্ত্রণালয়	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ রপ্তানি উন্নয়ন ব্যুরো ডাক ও টেলিযোগাযোগ বিভাগ তথ্য ও প্রযুক্তি খাত সংশ্লিষ্ট অ্যাসোসিয়েশনসমূহ

মধ্য মেয়াদী লক্ষ্য:

- বিদেশে বাংলাদেশ দূতাবাসসমূহের মাধ্যমে আইসিটি পণ্যের রপ্তানি বাজার সম্প্রসারণের লক্ষ্যে পদক্ষেপ গ্রহণ
- অর্থনৈতিক রাজনৈতিক ও আঞ্চলিক জোটভুক্ত দেশসমূহে বাংলাদেশের আইসিটি পণ্যসমূহের প্রচার

কর্মপরিকল্পনাঃ

ক্রমিক নং	করণীয় বিষয়	প্রধান বাস্তবায়নকারী	সহযোগী বাস্তবায়নকারী
১	আইসিটি পণ্যের রপ্তানি বাজার সম্প্রসারণের লক্ষ্যে ব্যবসা উন্নয়ন কার্যক্রম গ্রহণে বিদেশে বাংলাদেশি দূতাবাস সমূহের কমার্শিয়াল কাউন্সিলরদের অন্তর্ভুক্তকরণ এবং দেশের তথ্য প্রযুক্তি খাত সম্পর্কে তাদের জ্ঞান আহরণের জন্য প্রয়োজনে তাদের পদায়নের পূর্বে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের তত্ত্বাবধানে কর্মশালা আয়োজন	পররাষ্ট্র মন্ত্রণালয়	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ বাণিজ্য মন্ত্রণালয় তথ্য ও প্রযুক্তি খাত সংশ্লিষ্ট অ্যাসোসিয়েশনসমূহ
২	বিদেশে বাংলাদেশ দূতাবাসসমূহে আইসিটি জ্ঞানসম্পন্ন জনবল সহকারে আইসিটি ডেস্ক স্থাপন এবং এর অধীনে ব্যবসা উন্নয়ন কার্যক্রম গ্রহণ	পররাষ্ট্র মন্ত্রণালয়	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ বাণিজ্য মন্ত্রণালয়
৩	রাজনৈতিক ও আঞ্চলিক জোট সার্ক ডি ৮ ওআইসি কমনওয়েলথ বিমসটেক সিরডাপ ইত্যাদি) ভুক্ত দেশসমূহের মধ্যে বাংলাদেশের আইসিটি পণ্যের রপ্তানি বাজার সম্প্রসারণের উদ্যোগ গ্রহণ	পররাষ্ট্র মন্ত্রণালয়	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ বাণিজ্য মন্ত্রণালয়

দীর্ঘ মেয়াদী লক্ষ্য:

- দেশে ও বিদেশে বাংলাদেশে উৎপাদিত আইসিটি পণ্যের সচেতন ভোক্তাশ্রেণি তৈরী
- আর্ন্তজাতিক মানসম্পন্ন আইসিটি পণ্যের উৎপাদনকারী দেশ হিসাবে মেইড ইন বাংলাদেশকে প্রতিষ্ঠাকরণ
- মেইড ইন বাংলাদেশ এর ব্রান্ডিং এর জন্য সকলের সম্পৃক্তকরণ

কর্মপরিকল্পনাঃ

ক্রমিক নং	করণীয় বিষয়	প্রধান বাস্তবায়নকারী	সহযোগী বাস্তবায়নকারী
১	দেশীয় ও আন্তর্জাতিক বাজার চাহিদার সাথে সামঞ্জস্য রেখে আইসিটি পণ্য তৈরী ও তা বাজারজাতকরণ	ডিজিটাল প্রোডাক্ট উৎপাদনকারী প্রতিষ্ঠানসমূহ	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ ডাক ও টেলিযোগাযোগ বিভাগ
২	আইসিটি পণ্য উৎপাদনে বাংলাদেশের সেক্টর ভিত্তিক সফলতার গল্প কৌশলগত টার্গেটভিত্তিক বাজারে (দেশে বিদেশে) তুলে ধরা	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ	পররাষ্ট্র মন্ত্রণালয় বাণিজ্য মন্ত্রণালয় ডাক ও টেলিযোগাযোগ বিভাগ তথ্য ও প্রযুক্তি খাত সংশ্লিষ্ট অ্যাসোসিয়েশনসমূহ
৩	মেইড ইন বাংলাদেশ এর ব্রান্ডিং বাস্তবায়নের জন্য সরকারি বেসরকারি যৌথ উদ্যোগে একটি সেল গঠন এবং কান্ট্রি ব্রান্ডিং এর জন্য রোডম্যাপ অনুযায়ী সকলের একসাথে কাজ করার ক্ষেত্র তৈরী	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ	পররাষ্ট্র মন্ত্রণালয় বাণিজ্য মন্ত্রণালয় ডাক ও টেলিযোগাযোগ বিভাগ তথ্য ও প্রযুক্তি খাত সংশ্লিষ্ট অ্যাসোসিয়েশনসমূহ

কৌশলগত বিষয়বস্তু ৩: গবেষণা ও উদ্ভাবন

স্বল্পমেয়াদী লক্ষ্য:

- উদ্ভাবনীমূলক সামর্থ্য বৃদ্ধির লক্ষ্যে আইসিটি সেক্টরে গবেষণা ও উন্নয়ন কার্যক্রম পরিচালনা
- পেটেন্ট কপিরাইট এবং ডিজাইন এ্যাক্ট আইসিটি শিল্প সহায়ক করার জন্য সংশোধনের ব্যবস্থা গ্রহণ
- বৈজ্ঞানিক ও প্রযুক্তিগত গবেষণা ও উদ্ভাবনকে বাণিজ্যিকীকরণের ব্যবস্থা গ্রহণ

কর্মপরিকল্পনা

ক্রমিক নং	করণীয় বিষয়	প্রধান বাস্তবায়নকারী	সহযোগী বাস্তবায়নকারী
১	চতুর্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলা এবং নতুন প্রযুক্তির সঙ্গে আইসিটি সেক্টরের বিস্তারের লক্ষ্যে গবেষণার রূপরেখা তৈরি	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ	তথ্য ও প্রযুক্তি খাত সংশ্লিষ্ট অ্যাসোসিয়েশনসমূহ
২	সেন্টার ফর ফোর্থ ইন্ডাস্ট্রিয়াল রেভুলেশন ( ) প্রতিষ্ঠাকরণ।	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ	তথ্য ও প্রযুক্তি খাত সংশ্লিষ্ট অ্যাসোসিয়েশনসমূহ
৩	অ্যাডভান্সড ম্যাটেরিয়ালস ক্লাউড টেকনোলজি অটোনোমাস ভেহিকল সিনথেটিক বায়োলজি ভার্চুয়াল অগমেন্টেড রিয়েলিটি আর্টিফিসিয়াল ইন্টেলিজেন্স রোবট ব্লক চেইন থ্রিডি প্রিন্টিং ও ইন্টারনেট অব থিংস বিষয়ে অগ্রাধিকার ভিত্তিতে গবেষণা পরিচালনা করা	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ	তথ্য ও প্রযুক্তি খাত সংশ্লিষ্ট অ্যাসোসিয়েশনসমূহ দেশের বিশ্ববিদ্যালয় সমূহ
৪	শিল্প প্রতিষ্ঠান ও শিক্ষা প্রতিষ্ঠানের যৌথ উদ্যোগে বাণিজ্যিক পণ্য তৈরিতে গবেষণা ও উদ্ভাবনে প্রণোদনা প্রদান	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ	অর্থ মন্ত্রণালয় তথ্য ও প্রযুক্তি খাত সংশ্লিষ্ট অ্যাসোসিয়েশনসমূহ
৫	দেশীয় গবেষণায় উদ্ভাবিত আইসিটি পণ্যের বানিজ্যিকিকরণে সহায়তা প্রদান	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ	অর্থ মন্ত্রণালয়, বাণিজ্য মন্ত্রণালয়
৬	স্টার্টআপ ইকোসিস্টেম প্রতিষ্ঠা এবং একটি টেকসই সৃষ্টির উদ্যোগ গ্রহণ	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ	স্টার্টআপ বাংলাদেশ লিমিটেড

৭	আইসিটি সেক্টর সহায়ক পেটেন্ট কপিরাইট এবং ডিজাইন এ্যাক্ট করার জন্য ব্যবস্থা গ্রহণ	পেটেন্ট ডিজাইন ও ট্রেডমার্কস অধিদপ্তর	বাংলাদেশ কপিরাইট অফিস তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
৮	মেধাসম্পদের আইনগত সুরক্ষা প্রদান ও সরকারি ক্রয়ে মেধাস্বত্ব ব্যবস্থাপনাকে উৎসাহ ও সহযোগিতা প্রদান	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ	ডাক ও টেলিযোগাযোগ বিভাগ পেটেন্ট ডিজাইন ও ট্রেডমার্কস অধিদপ্তর বাংলাদেশ কপিরাইট অফিস সিপিটিইউ
৯	দেশীয় গবেষণায় উদ্ভাবিত আইসিটি পণ্যের মেধাসম্পদ সুরক্ষায় দেশীয় ও আন্তর্জাতিক ট্রেডমার্ক অর্জনে সহায়তা প্রদান	পেটেন্ট ডিজাইন ও ট্রেডমার্কস অধিদপ্তর	বাংলাদেশ কপিরাইট অফিস তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ

মধ্য মেয়াদী লক্ষ্য:

- আর্ন্তজাতিক তথ্য প্রযুক্তি ভিত্তিক প্রতিষ্ঠান ও বিশ্ববিদ্যালয়ের সাথে যৌথ উদ্যোগে দেশে উৎপাদিত আইসিটি পণ্যের মান উন্নয়নে গবেষণা পরিচালনা করা।

কর্মপরিকল্পনা

ক্রমিক নং	করণীয় বিষয়	প্রধান বাস্তবায়নকারী	সহযোগী বাস্তবায়নকারী
১	আন্তর্জাতিক খ্যাতনামা তথ্য প্রযুক্তিভিত্তিক বিশ্ববিদ্যালয়ের সাথে দেশীয় প্রতিষ্ঠান ও বিশ্ববিদ্যালয়ের যৌথ উদ্যোগে গবেষণার সুযোগ সৃষ্টি	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ	শিক্ষা মন্ত্রণালয় বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন
২	গবেষণার মাধ্যমে উৎপাদিত পণ্যসমূহকে বাজারজাতকরণের সুযোগ সৃষ্টি	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ	অর্থ মন্ত্রণালয় বাণিজ্য মন্ত্রণালয় ডাক ও টেলিযোগাযোগ বিভাগ তথ্য ও প্রযুক্তি খাত সংশ্লিষ্ট অ্যাসোসিয়েশনসমূহ

দীর্ঘ মেয়াদী লক্ষ্য:

- দেশের বিশ্ববিদ্যালয় সমূহের তথ্য প্রযুক্তি ভিত্তিক গবেষণা আর্ন্তজাতিক মানে উন্নীতকরণ
- আইসিটি পণ্যসমূহের মেধাস্বত্ব হতে বৈদেশিক মুদ্রা অর্জন

কর্মপরিকল্পনাঃ

ক্রমিক নং	করণীয় বিষয়	প্রধান বাস্তবায়নকারী	সহযোগী বাস্তবায়নকারী
১	আর্ন্তজাতিকমানের গবেষণার জন্য প্রয়োজনীয় অবকাঠামো তৈরি	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ	বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন
২	দেশীয় উদ্ভাবকদের মেধাস্বত্ব আর্ন্তজাতিক পর্যায়ে সংরক্ষণ ও বাণিজ্যিকীকরণে সহায়তা প্রদান	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ	পররাষ্ট্র মন্ত্রণালয় বাণিজ্য মন্ত্রণালয় পেটেন্ট ডিজাইন ও ট্রেডমার্কস অধিদপ্তর, শিল্প মন্ত্রণালয়

কৌশলগত বিষয়বস্তু ৪ : নীতিসহায়তা

স্বল্পমেয়াদী লক্ষ্য:

- দেশে উৎপাদিত আইসিটি পণ্যের প্রসারে প্রয়োজনীয় নীতি সহায়তা ও বিনিয়োগের উপযুক্ত পরিবেশ সৃষ্টি।
- দেশে উৎপাদিত আইসিটি পণ্যসমূহ বিদেশে রপ্তানিতে বৈদেশিক বাণিজ্য সহজিকীকরণ।
- ডিজিটাল ডিভাইস সেক্টরের কাঁচামাল আমদানিতে সকল প্রকার শুল্ক যৌক্তিকীকরণ।

কর্মপরিকল্পনাঃ

ক্রমিক নং	করণীয় বিষয়	প্রধান বাস্তবায়নকারী	সহযোগী বাস্তবায়নকারী
১	বাংলাদেশে ডিজিটাল ডিভাইস নির্মাণের ইকো সিস্টেম তৈরিতে প্রয়োজনীয় নতুন নীতিমালা তৈরি এবং বিদ্যমান নীতিমালায় পরিবর্তন	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ	বাণিজ্য মন্ত্রণালয় শিল্প মন্ত্রণালয়
২	সরকারি ক্রয়ে দেশে উৎপাদিত আইসিটি পণ্যের অগ্রাধিকার প্রদান	সিপিটিইউ	পরিকল্পনা মন্ত্রণালয় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ ডাক ও টেলিযোগাযোগ বিভাগ
৩	ডিজিটাল ডিভাইস ও তার ব্যাক ওয়ার্ড লিংকেজ শিল্পের উপর সকল প্রকার শুল্ক করাদি যৌক্তিকীকরণ	জাতীয় রাজস্ব বোর্ড	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ ডাক ও টেলিযোগাযোগ বিভাগ
৪	আইসিটি পণ্যের উৎপাদনকারী প্রতিষ্ঠানের জন্য সহজ শর্তে ঋণদান	অর্থ মন্ত্রণালয়	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ বাংলাদেশ ব্যাংক ডাক ও টেলিযোগাযোগ বিভাগ
৫	আইসিটি পণ্য রপ্তানিকারক প্রতিষ্ঠানসমূহকে প্রণোদনা প্রদানের ব্যবস্থা গ্রহণ	বাণিজ্য মন্ত্রণালয়	অর্থ মন্ত্রণালয় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
৬	ব্যাকওয়ার্ড সংযোগ শিল্প সরবরাহকারী	জাতীয় রাজস্ব বোর্ড	তথ্য ও যোগাযোগ

	প্রতিষ্ঠানসমূহের কর ও মূসক যৌক্তিকীকরণ		প্রযুক্তি বিভাগ ডাক ও টেলিযোগাযোগ বিভাগ শিল্প মন্ত্রণালয়
৭	স্থানীয় বাজার সম্প্রসারণ এবং বৈদেশিক নির্ভরশীলতার ঝুঁকি কমানোর জন্য সরকারি মেগা প্রজেক্টগুলোতে সরকারি ক্রয়ে বিদেশি প্রতিষ্ঠানের সাথে দেশীয় প্রতিষ্ঠানসমূহের যৌথ অংশীদারিত্ব ও বাংলাদেশে সংযোজন নিশ্চিত করা	পরিকল্পনা মন্ত্রণালয় অর্থনৈতিক সম্পর্ক বিভাগ	মন্ত্রিপরিষদ বিভাগ অর্থ মন্ত্রণালয় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
৮	তথ্য প্রযুক্তিভিত্তিক প্রতিষ্ঠানসমূহের বৈদেশিক বাণিজ্য সহজ করার জন্য বাংলাদেশ ব্যাংকের বৈদেশিক মুদ্রার নীতিমালার পরিবর্তন করা	অর্থ মন্ত্রণালয়	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ বাংলাদেশ ব্যাংক
৯	বৈদেশিক বাণিজ্যে প্রয়োজনীয় বাংলাদেশ ব্যাংকের আবেদনসমূহ অনলাইনে গ্রহণ ও নিস্পত্তি করার ব্যবস্থা করা	অর্থ মন্ত্রণালয় (ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ)	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ বাংলাদেশ ব্যাংক বাণিজ্য মন্ত্রণালয়
১০	বাণিজ্যচুক্তির মাধ্যমে বাংলাদেশে উৎপাদিত আইসিটি পণ্য রপ্তানিতে বিশেষ সুবিধা নিশ্চিতকরণ	বাণিজ্য মন্ত্রণালয়	পররাষ্ট্র মন্ত্রণালয় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
১১	সরকারি ক্রয়ে দেশীয় স্টার্টআপ বা ইনোভেটিভ প্রতিষ্ঠানের জন্য টার্নওভার/যোগ্যতা বা অভিজ্ঞতার শর্ত শিথিল করা	সিপিটিইউ	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
১২	ডিজিটাল ডিভাইস শিল্প স্থাপনে বিনা শুল্কে মূলধনী ইকুইপমেন্ট আমদানির ব্যবস্থা করা	জাতীয় রাজস্ব বোর্ড	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
১৩	ডিজিটাল ডিভাইস সমূহের দ্রুত রপ্তানির ক্ষেত্রে অগ্রাধিকার ভিত্তিতে ও স্বল্প মূল্যে বিমানে পরিবহনের সুযোগ প্রদান করা	বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
১৪	আইসিটি পণ্যের সাথে সংশ্লিষ্ট সরকারি ও	মন্ত্রিপরিষদ বিভাগ	তথ্য ও যোগাযোগ

	বেসরকারি প্রতিষ্ঠানসমূহের সমন্বয় সাধনের লক্ষ্যে জাতীয় কমিটি গঠন		প্রযুক্তি বিভাগ
১৫	ওয়ারেন্টি ও স্যাম্পল পণ্যের ক্ষেত্রে দ্রুত ও শুল্ক মুক্ত সুবিধায় বিদেশ থেকে আনা এবং পাঠানো নিশ্চিতকরণ	জাতীয় রাজস্ব বোর্ড	বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, নৌপরিবহন মন্ত্রণালয় বাণিজ্য মন্ত্রণালয়
১৬	দেশি বিদেশি বিনিয়োগকারীদের ব্যবসা শুরু করার ক্ষেত্রে সরকারি অনুমোদন প্রাপ্তি সহজ ও দ্রুততার সাথে প্রদানের জন্য ওয়ান স্টপ সার্ভিস সেন্টার স্থাপন ও এর মাধ্যমে প্রদানকৃত সকল সেবা দ্রুততার সাথে নিশ্চিতকরণ	বিডা	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ (বাংলাদেশ হাই টেক পার্ক অথরিটি)
১৭	আইসিটি পণ্যের উন্নয়নের জন্য এ খাতের সবধরনের ট্যাক্স ২০৩১ সাল পর্যন্ত মওকুফ করা	জাতীয় রাজস্ব বোর্ড	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
১৮	বাংলাদেশে উৎপাদিত পণ্যসমূহ দেশীয় ই কমার্স এর মাধ্যমে বিদেশে রপ্তানির প্রক্রিয়া সহজীকরণ	বাণিজ্য মন্ত্রণালয়	পররাষ্ট্র মন্ত্রণালয় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
১৯	ব্যাংকিং সেবার ফরম ও প্রক্রিয়া সহজীকরণের মাধ্যমে স্থানীয় প্রতিষ্ঠানের ব্যাংকিং কার্যক্রম গতিশীল সময় ও অর্থ সাশ্রয় করা	অর্থ মন্ত্রণালয় (ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ)	বাংলাদেশ ব্যাংক বিডা তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
২০	বাংলাদেশ হাই টেক পার্ক কর্তৃপক্ষের ওয়ান স্টপ সার্ভিসের মাধ্যমে দেশি বিদেশি বিনিয়োগকারীদের দ্রুত সেবা প্রদান এবং এর মাধ্যমে অন্যান্য সংস্থা থেকে সেবা প্রাপ্তি নিশ্চিতকরণে উদ্যোগ গ্রহণ	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ (বাংলাদেশ হাই টেক পার্ক)	পরিবেশ অধিদপ্তর বাংলাদেশ ব্যাংক সিটি কর্পোরেশন বিডা

মধ্যমেয়াদী লক্ষ্য:

- কর্মসংস্থান সৃষ্টির জন্য দেশি বিদেশি বিনিয়োগ আকৃষ্ট করার লক্ষ্যে প্রয়োজনীয় নীতি সহায়তা ও বিনিয়োগের উপযুক্ত পরিবেশ সৃষ্টি
- এ সেক্টরে দেশি এবং বিদেশি বিনিয়োগকারীদের বাংলাদেশে বিনিয়োগে উৎসাহ প্রদানের উপযোগী নীতিমালা তৈরি

কর্মপরিকল্পনাঃ

ক্রমিক নং	করণীয় বিষয়	প্রধান বাস্তবায়নকারী	সহযোগী বাস্তবায়নকারী
১	দেশি বিদেশি বিনিয়োগকারীদের ব্যবসা শুরু করার ক্ষেত্রে সরকারি অনুমোদন প্রাপ্তি সহজে অনলাইনে ও দ্রুততার সাথে নিশ্চিত করা	বিডা	মন্ত্রিপরিষদ বিভাগ বাণিজ্য মন্ত্রণালয় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ আইন মন্ত্রণালয় ডাক ও টেলিযোগাযোগ বিভাগ বাংলাদেশ ব্যাংক স্থানীয় সরকার বিভাগ এনবিআর BEZA, BEPZA
২	আইসিটি পণ্যের বিদেশে বাজার সম্প্রসারণ এর জন্য শুল্ক মুক্ত প্রবেশাধিকার নিশ্চিত করার লক্ষ্যে উদ্যোগ গ্রহণ	বাণিজ্য মন্ত্রণালয়	পররাষ্ট্র মন্ত্রণালয় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ ডাক ও টেলিযোগাযোগ বিভাগ

দীর্ঘ মেয়াদী লক্ষ্য:

- বাংলাদেশকে একটি উদ্ভাবনী অর্থনীতির দেশ হিসাবে রূপান্তর করতে প্রয়োজনীয় নীতি সহায়তা প্রদান

কর্মপরিকল্পনাঃ

ক্রমিক নং	করণীয় বিষয়	প্রধান বাস্তবায়নকারী	সহযোগী বাস্তবায়নকারী
১	ভবিষ্যত প্রযুক্তি ও শিল্প খাতের বিবর্তনের সাথে সামঞ্জস্য রেখে সরকারি নীতি ও পরিকল্পনা পরিবর্তন	পরিকল্পনা মন্ত্রণালয়	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ ডাক ও টেলিযোগাযোগ বিভাগ

উপসংহারঃ

মেইড ইন বাংলাদেশ আইসিটি ইন্ডাষ্ট্রি স্ট্রাটেজি (২০২২) প্রণয়ন করা হয়েছে সরকারের লক্ষ্য অনুযায়ী ২০৪১ সালে উন্নত বাংলাদেশ বিনির্মাণ এবং চতুর্থ শিল্প বিপ্লব সামনে রেখে। এতে রয়েছে স্বল্প (২০২২ ২০২৩) মধ্য (২০২২ ২০২৮) এবং দীর্ঘ মেয়াদে (২০২২ ২০৩১) বাস্তবায়নের জন্য সুনির্দিষ্ট ৬৭ টি কর্মপরিকল্পনা। এসব কর্মপরিকল্পনার বাস্তবায়ন একদিকে যেমন উন্নত বাংলাদেশ বিনির্মাণের পথযাত্রাকে মসৃণ করবে অপরদিকে চতুর্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলা করে এর সম্ভাবনাকে পুরোপুরি কাজে লাগানোয় গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। এ স্ট্রাটেজি প্রণয়নে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার রপ্তানীকারক দেশ হওয়ার প্রত্যাশা পূরণের জন্যও সহায়ক হবে। এটি এমনি একটি নীতি সহায়তা দলিল যা স্থানীয়ভাবে গুণগতমানের ডিজিটাল পণ্য উৎপাদন প্রতিষ্ঠানসমূহের সক্ষমতা বৃদ্ধি ও কর্মসংস্থান সৃষ্টির ওপর গুরুত্বারোপ করেছে। স্ট্রাটেজিতে মেইড ইন বাংলাদেশ ব্রান্ড শক্তিশালী করার জন্য কর্ম পরিকল্পনা বাস্তবায়িত হলে আন্তর্জাতিক সম্প্রদায়ের কাছে বাংলাদেশের ভাবমূর্তি উজ্জ্বল হবে এবং আন্তর্জাতিক বাজারে বাংলাদেশের তৈরি পণ্যের চাহিদা ও রপ্তানী বৃদ্ধি পাবে। ফলে প্রচুর বৈদেশিক মুদ্রার সাশ্রয় হবে। মোটকথা ‘মেইড ইন বাংলাদেশ আইসিটি ইন্ডাষ্ট্রি স্ট্রাটেজি’র কর্ম পরিকল্পনার সফল বাস্তবায়নে দেশের আইসিটি খাতের প্রবৃদ্ধি নিশ্চিত করবে।